

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮০৬

তেলিয়ামুড়া, ২৪ নভেম্বর, ২০২৩

### খোয়াই জেলাভিত্তিক যুব উৎসব

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে তেলিয়ামুড়া মহকুমার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে খোয়াই জেলাভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। প্রদীপ জ্বলে এই যুব উৎসবের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার মুখ্য সচিব কল্যাণী রায়। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী প্রমুখ। সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। স্বাগত ভাষণদেন মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া আধিকারিক ধরনী দাস। উদ্বোধকের ভাষণে মুখ্য সচিব কল্যাণী রায় বলেন, সুস্থ সমাজ ও উন্নত দেশ গঠনে যুব সমাজের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। খেলাধুলা, সংস্কৃতি চর্চা ইত্যাদি বিষয়ে যুব সমাজের প্রতিভার বিকাশ ঘটানোর লক্ষ্যেই এই যুব উৎসবের আয়োজন। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণও যুব উৎসবের গুরুত্ব নিয়ে আলোচনা করেন। জেলা ভিত্তিক এই যুব উৎসবে খোয়াই জেলার বিভিন্ন ব্লকের শিল্পীগণ সংগীত, নৃত্য ইত্যাদি প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

\*\*\*\*\*